Competition for growth
Bangladesh Competition Commission

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুজিব শতবর্ষ MUJIB 100

# প্রতিযোগিতা সাময়িকী

বর্ষ ২। সংখ্যা ৫। অক্টোবর ২০২১। আশ্বিন-কার্তিক ১৪২৮


## প্রতিযোগিতা সাময়িকীর ৫ম সংস্করণ প্রকাশ

সুষ্ঠু বাজার ব্যবস্থার অন্যতম প্রধান হাতিয়ার প্রতিযোগিতা। বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ বজায় থাকলে ভোক্তাগণ স্বল্পমূল্যে মানসম্মত পণ্য ও সেবা ক্রয়ের সুযোগ পায়। ফলে ভোক্তার আর্থিক সাশ্রয় হয় এবং উদ্বৃত্ত অর্থ সঞ্চয়ের মাধ্যমে জীবন মানের উন্নয়ন ঘটে। কিন্তু অনেক ক্ষেত্রেই বাজারে সুষ্ঠু প্রতিযোগিতার অভাব পরিলক্ষিত হয়। কখনো কখনো কতিপয় ব্যবসা প্রতিষ্ঠান অতিরিক্ত মুনাফা লাভের জন্য ষড়যন্ত্রমূলকভাবে বিভিন্ন পণ্য ও সেবায় অযৌক্তিক মূল্য নির্ধারণপূর্বক ভোক্তা সাধারণকে সাশ্রয়ী পণ্য ও সেবা মূল্য হতে বঞ্চিত করে। প্রতিযোগিতা আইনের যথাযথ বাস্তবায়নের মাধ্যমে বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড সমূহ নির্মূল করা গেলে বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি হয়, বাজারে নতুন নতুন উদ্যোক্তা প্রবেশ করে এবং উৎপাদন বৃদ্ধি পায়। ব্যবসা-বাণিজ্যে ষড়যন্ত্রমূলক যোগসাজশ, মনোপলি, অলিগোপলি, জোটবদ্ধতা বা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহারসহ নানা প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড প্রতিরোধ করে প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির লক্ষ্যে বাজার সংশ্লিষ্ট সকলকে সচেতন ও সম্পৃক্ত করে আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে একটি সুষ্ঠু ব্যবসায়িক পরিবেশ গড়ে তুলতে ইতোমধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন দেশব্যাপী মতবিনিময় সভা, সেমিনার, কর্মশালা ইত্যাদি আয়োজনসহ বিভিন্ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করেছে। কমিশনের এ সকল কার্যক্রম "প্রতিযোগিতা সাময়িকী" এর ৫ম প্রকাশনায় প্রকাশ করছে।

## কমিশন কর্তৃক গ্রেড-০৯ থেকে গ্রেড-১০ বেতন স্কেলে নবনিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের ওরিয়েন্টেশন কর্মসূচী

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ অনুযায়ী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের রাজস্ব খাতভুক্ত সহকারী পরিচালক, সহকারী পরিচালক (গবেষণা), সহকারী প্রোগ্রামার, হিসাব রক্ষণ কর্মকর্তা এবং লাইব্রেরিয়ান পদে গ্রেড-৯ ও গ্রেড-১০ বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) বিগত ০৮ আগস্ট ২০২১ তারিখ পূর্বাহ্নে মোট আট (০৮) জন নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ইস্কাটনস্থ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কার্যালয়ে যোগদান করেন। উক্ত যোগদান অনুষ্ঠানে নবনিযুক্ত কর্মকর্তাদের ফুলেল শুভেচ্ছায় বরণ করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম ও বিজ্ঞ সদস্যবৃন্দসহ কমিশনে কর্মরত কর্মকর্তাগণ।





## কমিশন কর্তৃক জাতীয় শোক দিবস ২০২১ উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে বিগত ১৫ আগস্ট ২০২১ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে নির্মিত মুজিব কর্নারে কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এর নেতৃত্বে বিজ্ঞ সদস্যবৃন্দসহ অন্যান্য কর্মকর্তাগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন। এছাড়া বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জাতীয় শোকদিবস ২০২১ উপলক্ষ্যে আয়োজিত জুম মিটিং আলোচনা সভায় কমিশনের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে গত ১৬ আগস্ট ২০২১ তারিখে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে কমিশনের কর্মকর্তাগণ শোক দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তব্য প্রদান করেন। উক্ত আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ কর্মকর্তাগণ আলোচনা সভায় অংশগ্রহণ করেন ।





জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে কমিশন কর্তৃক পুষ্পস্তবক অর্পন



জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে ১৬ আগস্ট কমিশন কর্তৃক আয়োজিত আলোচনা সভা

## ICN Virtual Promotion Webinar- ২০২১ এ কমিশনের অংশগ্রহণ

International Competition Network (ICN) আয়োজিত 'ICN Virtual Promotion and Implementation Workshop Skill Series-2021' শীর্ষক Webinar-এ অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে বিগত ২৫ আগস্ট ২০২১ তারিখে দিনব্যাপী একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত কর্মশালায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। কমিশনে সদ্য যোগদানকৃত কর্মকর্তাগণ কর্মশালায় ICN এর Webinar প্রশিক্ষণের Guideline বিষয়ক পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন।






ICN কর্তৃক আয়োজিত 'ICN Virtual Promotion and Implementation Workshop Skill Series-২০২১' শীর্ষক Webinar- এ অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত কর্মশালায় কর্মকর্তাদের অংশগ্রহণ

## কমিশন কর্তৃক ভোজ্য তেলের বাজারে ধারাবাহিক মূল্য বৃদ্ধি পরিস্থিতি বিবেচনা সংক্রান্ত সভা পরিচালনা

সাম্প্রতিক সময়ে দেশের ভোজ্য তেলের বাজারে ধারাবাহিক মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ভোজ্য তেলের বাজারের অস্থিতিশীলতা পর্যালোচনা, বাজার সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করার লক্ষ্যে বিগত ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ বেলা ১১.০০ টায় একটি সভা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ কর্মকর্তাবৃন্দ, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, পরিচালক সিটি গ্রুপ, হেড অফ সেলস, যুগ্মসচিব (আইন), কৃষি মন্ত্রণালয়, উপপরিচালক, এন এস আই, পরিচালক, টি কে গ্রুপ, গবেষণা কর্মকর্তা, বিটিটিসি, ডি জি এম, বাংলাদেশ ব্যাংক, উপসচিব, বাণিজ্য মন্ত্রনালয় এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



দেশে ভোজ্য তেলের ধারাবাহিক মূল্য বৃদ্ধির কারণ পর্যালোচনা ও করণীয় নির্ধারণ সংক্রান্ত সভা

## কমিশন কর্তৃক চিনির বাজারে ধারাবাহিক মূল্য বৃদ্ধির পরিস্থিতি বিবেচনা সংক্রান্ত সভা পরিচালনা

সম্প্রতি দেশে চিনির বাজারে মূল্য বৃদ্ধির বিষয় পর্যালোচনা, বাজার সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করার লক্ষ্যে বিগত ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ বেলা ১২.০০ টায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তা, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, যুগ্মসচিব (আইন), কৃষি মন্ত্রণালয়, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয়, ডি জি এম, বাংলাদেশ ব্যাংক, উপসচিব, বাণিজ্য মন্ত্রনালয়, পরিচালক, গবেষণা কর্মকর্তা, বিটিটিসি, উপপরিচালক, এন এস আই এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



দেশে চিনির বাজারে মূল্য বৃদ্ধির বিষয় পর্যালোচনা, বাজার সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণের লক্ষ্যে কমিশন কর্তৃক আয়োজিত সভা

# বাণিজ্য সচিব মহোদয়ের কমিশন সফর ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী

বিগত ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখ কমিশনের সম্মেলন কক্ষে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিববর্ষ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা-২০২১ এর পুরস্কার বিতরণী এবং কমিশনে নবযোগদানকৃত কর্মচারীদের ওরিয়েন্টেশন কর্মসূচীর সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব তপন কান্তি ঘোষ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি কর্তৃক রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিজয়ীদের ক্রেস্ট, সনদ ও নগদ অর্থ এবং কমিশনে নবযোগদানকৃত কর্মচারীদের ওরিয়েন্টেশন কর্মসূচীর সমাপণী শেষে সনদ প্রদান করা হয়। উক্ত আয়োজনে কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তা-কর্মচারী, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।







কমিশন কর্তৃক আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা-২০২১ এর পুরস্কার বিতরণী এবং কমিশনে নবযোগদানকৃত কর্মচারীদের ওরিয়েন্টেশন কর্মসূচীর সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান।

# ই-কমার্স সেক্টরের কার্যক্রম বিষয়ে মতবিনিময় সভা

সাম্প্রতিক কালে দেশের ই-কমার্স সেক্টরের কার্যক্রম বিষয়ে একটি সভা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সভাকক্ষে বিগত ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখ বেলা ০৩:০০ টায় অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তা, প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক, প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়, প্রতিনিধি, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, প্রতিনিধি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সভাপতি কনজুমার এ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ, সভাপতি/মহাসচিব, ই-ক্যাব, সভাপতি ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম সহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার কর্মীগণ।







দেশের ই-কমার্স সেক্টরের কার্যক্রম বিষয়ে মতবিনিময় সভা

## মাননীয় বাণিজ্য মন্ত্রী কর্তৃক কমিশন কার্যালয়ে স্থাপিত মুজিব কর্নার ও ইআরএফ-এর দিনব্যাপী কর্মশালা উদ্বোধন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে বিগত ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে কমিশনের সম্মেলনকক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম এর সভাপতিত্বে "প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে Economic Reporters Forum (ERF)-এর ভূমিকা" শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি। একই দিনে সম্মানিত প্রধান অতিথি, মাননীয় মন্ত্রী মহোদয় কমিশন কার্যালয়ে স্থাপিত মুজিব কর্নারের শুভ উদ্বোধন করেন। এ কর্মশালায় অংশগ্রহণ করেছেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ, কমিশনের উপদেষ্টা ব্যারিস্টার মাফরুহা মারফি, Economic Reporters Forum (ERF)-এর সম্মানিত সভাপতি জনাব শারমিন রিনভি এবং সাধারণ সম্পাদক এস এম রাশিদুল ইসলাম সহ ৩০ জন সদস্য। এ কর্মশালায় পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন এবং উপদেষ্টা ব্যারিস্টার মাফরুহা মারফি।










ইআরএফ-এর দিনব্যাপী কর্মশালা ও মাননীয় বাণিজ্য মন্ত্রীর মুজিবকর্নার উদ্বোধন

Competition for growth

# Bangladesh Competition Commission

➢ বাজারে কার্টেল/সিন্ডিকেটকারীদের বিরুদ্ধে প্রতিযোগিতা আইনানুযায়ী টার্নওভারের ১০% অথবা মুনাফার তিনগুণ জরিমানার বিধান রয়েছে।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

➢ মনোপলি, কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সহ প্রতিযোগিতা পরিপন্থী অন্যান্য কর্মকান্ডের মাধ্যমে বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি বা বৃদ্ধির চেষ্টা প্রতিযোগিতা আইন, ২০১২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। প্রতিযোগিতা আইন মেনে চলুন। দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে সরকারকে সহযোগিতা করুন।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

**"প্রতিযোগিতা আইনের বিধান মেনে চলুন, ব্যবসাকে ঝুঁকিমুক্ত রাখুন।"**

মুজিব শতবর্ষ MUJIB 100

# "মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি"


## উপদেষ্টা পরিষদ

| মোঃ মফিজুল ইসলাম | ড. এ এফ এম মনজুর কাদির | মোঃ আব্দুর রউফ | নাসরিন বেগম |
|---|---|---|---|
| চেয়ারপার্সন ও সভাপতি উপদেষ্টা পরিষদ | সদস্য | সদস্য | সদস্য |

## সম্পাদনা পরিষদ

| জি. এম. সালেহ উদ্দিন | মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঞাঁ | মোঃ মাহবুব আলম | সারাওয়াত মেহজাবীন | আতিকুল ইসলাম |
|---|---|---|---|---|
| সদস্য ও আহ্বায়ক সম্পাদনা পরিষদ | পরিচালক | উপপরিচালক | উপপরিচালক | উপপরিচালক |


Competition for growth
Bangladesh Competition Commission


প্রকাশনায় :
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন : +৮৮ ০২ ৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স : +৮৮ ০২ ৫৮৩১৫৫৮৭
ই-মেইল : secretary.ccb202@gmail.com